

## 🗏 আল-ইসরা (বনী-ইসরাঈল) | Al-Isra (Bani-Israil) | اُلاِسْرَاء (بَنِي إِسْرَائِيل)

আয়াতঃ ১৭: ৯৪

## 💵 আরবি মূল আয়াত:

## وَ مَا مَنَعَ النَّاسَ أَن يُّؤْمِنُوا إِذ جَآءَهُمُ الهُدى إِلَّا أَن قَالُوا أَبَعَثَ اللَّهُ بَشَرًا رَّسُولًا ﴿٩٤﴾

## 

আর যখন মানুষের নিকট হিদায়াত আসে তখন তাদের ঈমান আনতে বাধা দেয় তাদের এ কথা যে, 'আল্লাহ কি মানুষকে রাসূল হিসেবে পাঠিয়েছেন'? — আল-বায়ান

মানুষের কাছে যখন পথের নির্দেশ আসে তখন তাদেরকে ঈমান আনতে তাদের এ কথা ছাড়া অন্য কিছুই বিরত রাখে না যে, 'আল্লাহ কি মানুষকে রসূল বানিয়ে পাঠিয়েছেন?' — তাইসিরুল

'আল্লাহ কি মানুষকে রাসূল করে পাঠিয়েছেন?' - তাদের এই উক্তিই বিশ্বাস স্থাপন হতে লোকদেরকে বিরত রাখে, যখন তাদের নিকট আসে পথ নির্দেশ। — মুজিবুর রহমান

And what prevented the people from believing when guidance came to them except that they said, "Has Allah sent a human messenger?" — Sahih International

৯৪. আর যখন মানুষের কাছে হিদায়াত আসে, তখন তাদেরকে ঈমান আনা থেকে বিরত রাখে কেবল তাদের এ কথা যে, আল্লাহ কি মানুষকে রাসূল করে পাঠিয়েছেন?(১)

(১) অর্থাৎ প্রত্যেক যুগের অজ্ঞ ও মুর্খ লোকেরা এ ভুল ধারণায় নিমজ্জিত থাকে যে, মানুষ কখনো রাসূল হতে পারে না। তাই যখন কোন রাসূল এসেছেন এবং তারা দেখেছে তিনি পানাহার করছেন, তাঁর স্ত্রী-সন্তানাদি আছে , তিনি রক্ত-মাংসের মানুষ তখন তারা ফায়সালা দিয়ে বসেছে যে, এ ব্যক্তি রসূল নয়, কারণ এতো মানুষ। কুরআনের অন্যান্য বহু স্থানে আল্লাহ্ তা'আলা তাদের এ প্রবণতার কথা উল্লেখ করেছেন। [যেমন, সূরা ইউনুসঃ ২, সূরা আত-তাগাবুনঃ ৬, সূরা আল মুমিনুনঃ ৪৭, সূরা ইবরাহীমঃ ১০]

এভাবে তার জীবদ্দশায় তারা তাকে রাসূল হিসেবে মানেনি। আর তিনি চলে যাবার দীর্ঘকাল পর তাঁর ভক্তদের মধ্যেএমন সবলোক জন্ম নিতে থাকে যারা বলতে থাকে, তিনি মানুষ ছিলেন না, কারণ তিনি ছিলেন রসূল। ফলে কেউ তাঁকে আল্লাহ বানিয়েছে, কেউ বানিয়েছে আল্লাহর পুত্র, আবার কেউ বলেছে আল্লাহ তাঁর মধ্যে অনুপ্রবিষ্ট হয়েছিলেন। মোটকথা মানবিক সত্তা ও নবুওয়াতী সত্তার একই সত্তার মধ্যে একত্র হওয়া হামেশা মূর্খদের কাছে একটি হেঁয়ালি হয়েই থেকেছে।

তাফসীরে জাকারিয়া

- (৯৪) যখন মানুষের নিকট পথ-নির্দেশ এল, তখন তাদেরকে বিশ্বাস স্থাপন হতে এই উক্তিই বিরত রাখল যে, 'আল্লাহ কি একজন মানুষকে রসূল করে পাঠিয়েছেন?'[1]
  - [1] অর্থাৎ, কোন মানুষের রসূল হওয়া, কাফের ও মুশরিকদের জন্য বড়ই আশ্চর্যজনক ব্যাপার ছিল। তারা মানতই না যে, আমাদের মত মানুষ; যে আমাদের মত চলাফেরা করে, আমাদের মতই পানাহার করে এবং আমাদের মতই আত্মীয়তার সম্পর্কে জড়িত ব্যক্তি রসূল হতে পারেন। আর এই আশ্চর্যবোধই তাদের ঈমান আনার পথে বাধা ছিল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2123

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন